

পিতা-মাতা ও পরিচর্যাকারীদের জন্য চাইল্ড প্রোটেকশন কনফারেন্সের নির্দেশিকা

সিটি অফ লন্ডন কর্পোরেশন

ডিপার্ট্‌মেন্ট অফ কমিউনিটি অ্যান্ড চিল্‌ড্রেন্স সার্ভিসেস

চাইল্ড প্রোটেকশন কনফারেন্স: পিতা-মাতা ও পরিচর্যাকারীদের জন্য নির্দেশিকা

চাইল্ড প্রোটেকশন কনফারেন্স হল এমন একটি মিটিং যেখানে আপনার পরিবারের সদস্যগণ (এবং উপযুক্ত ক্ষেত্রে শিশুরাও), সমর্থক, অ্যাডভোকেট এবং পেশাজীবী ব্যক্তিগণ - যারা আপনার সন্তানের ভবিষ্যতের নিরাপত্তা, স্বাস্থ্য ও বিকাশের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনার সন্তান(দের) এবং পরিবারের সঙ্গে সবচেয়ে বেশি যুক্ত থাকেন। যখন আপনার সন্তানের ক্ষতি হয়েছে অথবা তার ক্ষতি হওয়ার ঝুঁকি থাকে এই বিষয়ে উদ্বেগের সৃষ্টি হয় তখন এই মিটিংটি করা হয়।

আপনার সন্তান এবং পরিবারের সঙ্গে পরিচয় আছে সাধারণত এমন সোশ্যাল ওয়ার্কার, হেলথ ওয়ার্কার, শিক্ষক এবং অন্যরা এই মিটিং উপস্থিত থাকেন। আমরা সকল অভিভাবক এবং পরিচর্যাকারীদেরও অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাই, কারন আপনার পরিবারে যা ঘটছে এবং পরিস্থিতির উন্নতি করতে আমরা কীভাবে তাদের সহায়তা করতে পারি তা আমাদের বুঝতে সাহায্য করার ক্ষেত্রে আপনার সত্যিই গুরুত্বপূর্ণ ভূমিকা আছে।

এই কনফারেন্সে যারা উপস্থিত থাকবেন তারা সবাই মিলে একটি পরিকল্পনায় সম্মত হবেন যা শিশুটির প্রয়োজনগুলি পূরণ করবে, আপনার সন্তানকে(দের) নিরাপদে রাখতে এবং তাদের ক্ষতির ঝুঁকি কমাতে সাহায্য করবে। চাইল্ড প্রোটেকশন কনফারেন্সে কোনও আইনি অথবা আদালতের কাজ, অথবা সন্তান(রা) কোথায় বাস করবে সেই বিষয়ে কোনও সিদ্ধান্ত গ্রহণ করা হয় না। তবে পরিকল্পনাটি যদি ক্ষতির ঝুঁকি কমাতে ব্যর্থ হয়, তাহলে সুপারিশ করা যেতে পারে যে এটি নিয়ে পুনরায় বিবেচনা করা হোক।

আপনি একটি ছোট ভিডিও যা চাইল্ড প্রোটেকশন কনফারেন্স সম্পর্কে ব্যাখ্যা করে দেখতে পারেন।

কনফারেন্সের আগে

কনফারেন্স কবে এবং কীভাবে হবে তার রূপরেখা জানিয়ে আপনার পছন্দ অনুসারে ডাক অথবা ইমেইল মারফত আপনাকে আমন্ত্রণ জানানো হবে। আপনার কোনও প্রশ্ন বা বিশেষ চাহিদা থাকে, তাহলে অনুগ্রহ করে আপনার সোশ্যাল ওয়ার্কারের সাথে এই বিষয়ে কথা বলুন।

যারা উপস্থিত থাকবেন তাদের সবাইকে একটি প্রতিবেদন লেখার জন্য এবং মিটিংয়ের আগে সেটি আপনার সঙ্গে অবশ্যই শেয়ার করার অনুরোধ করা হয়েছে মিটিংয়ের আগে প্রতিবেদনগুলি দেখে থাকলে আপনি ওয়ার্কারদের কাছে তা চাইতে পারেন। মিটিংয়ের দিনে আপনি সবগুলি প্রতিবেদন দেখতে পাবেন এবং পরে মিটিংয়ের সারসংক্ষেপের সঙ্গে সেগুলির অনুলিপি আপনাকে পাঠিয়ে দেওয়া হবে। কনফারেন্স চলার সময়ে আপনি অবশ্যই অবাক হবেন না অথবা নতুন তথ্য শুনতে পাবেন না। শেয়ার করা তথ্যের বিষয়ে আপনি প্রশ্ন করতে পারবেন।

কনফারেন্সে অন্য কারা উপস্থিত থাকবেন?

একজন স্বতন্ত্র চেয়ারম্যান কনফারেন্সে সভাপতিত্ব করবেন। কনফারেন্সের মিটিং শুরু হওয়ার আগে আপনি একান্তে চেয়ারম্যানের সঙ্গে কথা বলার সুযোগ পাবেন। কনফারেন্সে আপনার সন্তানের(দের) অভিমত শোনা হবে। কনফারেন্সে তারা সশরীরে উপস্থিত থেকে (যদি উপযুক্ত হয়) নিজেদের অভিমত জানাবে, অথবা একজন সোশ্যাল ওয়ার্কার অথবা স্বতন্ত্র অ্যাডভোকেট তাদের অভিমত জানাবেন।

পরিবারের একজন সদস্য, বন্ধু অথবা একজন অ্যাডভোকেট কনফারেন্সে আপনাকে সহায়তা করতে পারেন। যেহেতু ব্যক্তিগত তথ্য প্রায়শয়ই এই মিটিং-গুলিতে আলোচনা করা হয়, তাই এটি

গুরুত্বপূর্ণ যে আপনার সঙ্গে যে ব্যক্তি উপস্থিত থাকবেন আপনি বিশ্বাস করেন যে তিনি এই তথ্য শুনে তা গোপন রাখবেন।

আপনার সন্তান ও পরিবারের সঙ্গে কর্মরত পেশাজীবী ব্যক্তিদের আমন্ত্রণ জানানো হবে। আপনি যদি মনে করেন যে এমন পেশাজীবী ব্যক্তিরা আছেন যাদের আমন্ত্রণ জানানো গুরুত্বপূর্ণ, তাহলে অনুগ্রহ করে তা আপনার সোশ্যাল ওয়ার্কারকে জানান। আপনার সন্তানের(দের) সোশ্যাল ওয়ার্কার সব সময়েই চাইল্ড প্রোটেকশন কনফারেন্সে উপস্থিত থাকবেন। সাধারণত, একজন শিক্ষক, স্কুল নার্স অথবা হেলথ ওয়ার্কার উপস্থিত থাকেন। পুলিশের একজন প্রতিনিধি সব সময়েই প্রাথমিক চাইল্ড প্রোটেকশন কনফারেন্সে উপস্থিত থাকবেন। আপনার GP-এর কাছে তথ্যের চেয়ে অনুরোধ করা হবে।

চাইল্ড প্রোটেকশন কনফারেন্সের দিনে কী হয়?

মূল মিটিংয়ের আগে স্বতন্ত্র চেয়ারম্যান আপনার সঙ্গে দেখা করে পরিচিত হবেন। তিনি আপনাকে জানাবেন যে কীভাবে কনফারেন্স চলবে। আলোচনায় আপনি কীভাবে অবদান রাখতে পারেন, এবং সংবেদনশীল বিষয়গুলির ব্যবস্থাপনা কীভাবে করা যাবে তা নিয়ে তিনি আপনার সঙ্গে আলোচনা করবেন।

কনফারেন্স শুরু হওয়ার সময় উপস্থিত সবাই নিজ নিজ পরিচয় দেবেন। চেয়ারম্যান পেশাজীবী ব্যক্তিদের তাদের প্রতিবেদনগুলির গুরুত্বপূর্ণ অংশগুলির সারসংক্ষেপ জানানোর জন্য অনুরোধ করবেন। এই আলোচনায় অংশ নেওয়ার জন্য আপনাকে আমন্ত্রণ জানানো হবে।

মিটিংয়ে চারটি প্রধান প্রশ্ন নিয়ে আলোচনা করা হবে এবং প্রত্যেককে মতামত জানানোর অনুরোধ করা হবে:

- আপনার পরিবারে কোন বিষয়টি ভালভাবে কাজ করছে?
- আপনার সন্তানকে(দের) এবং আপনার পরিবারের প্রসঙ্গে কোন বিষয়গুলি নিয়ে আমরা উদ্বিগ্ন?
- ভবিষ্যতে আপনার সন্তানের(দের) নিরাপদে থাকা এবং ভালভাবে তাদের পরিচর্যা করা নিশ্চিত করতে কী করতে হবে?
- কোন তথ্য নিয়ে একমত হওয়া যায়নি এবং কোন বিষয়গুলির ব্যাখ্যা প্রয়োজন?

আপনাকে এবং যারা উপস্থিত থাকবেন তাদের নিয়ে একত্রে একটি পরিকল্পনা করা হবে। তার পরে সিদ্ধান্ত গ্রহণ করা হবে যে আপনার সন্তানের(দের) পক্ষে ঝুঁকিগুলি এতোটাই বেশি কিনা যার জন্য পরিকল্পনাটিকে একটি চাইল্ড প্রোটেকশন প্ল্যানের স্থিতি দিতে হবে। এই বিষয়ে আপনি সহ উপস্থিত সবাইকে মতামত জানাতে অনুরোধ করা হবে।

একটি চাইল্ড প্রোটেকশন প্ল্যান কী?

একটি চাইল্ড প্রোটেকশন প্ল্যানের উদ্দেশ্য হল আপনার সন্তান(দের) এবং আপনাকে সহায়তা দেওয়া, যাতে আপনার সন্তান(রা) নিরাপদে থাকে এবং ঝুঁকিগুলি কম করা যায়। আমাদের লক্ষ্য হল প্ল্যানটির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে আপনাকে এবং আপনার সন্তানকে(দের) যুক্ত করা।

যদি সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে প্ল্যানটি একটি চাইল্ড প্রোটেকশন প্ল্যান হবে, তাহলে কোর গ্রুপের জন্য কয়েকজন ব্যক্তিকে চিহ্নিত করা হবে যারা নিয়মিতভাবে মিটিং করবেন। এতে থাকবেন আপনি, সহায়তাকারী পরিবার ও বন্ধুবান্ধব, এবং তার সঙ্গে পেশাজীবী ব্যক্তিরাও থাকবেন। কোর গ্রুপের কাজ হবে পরিকল্পনাটির বিশদ রূপ দেওয়া এবং এর অগ্রগতির পরিমাপ করা।

এমন সিদ্ধান্তও হতে পারে যে আপনার সন্তানের চাইল্ড প্রোটেকশন প্ল্যানের প্রয়োজন নেই, কিন্তু আলোচনা থেকে দেখা গিয়েছে যে সহায়তা পেলে আপনার পরিবার উপকৃত হতে পারে। যদি তাই হয়, তাহলে একটি চাইল্ড ইন নিড প্ল্যান তৈরি করা যেতে পারে।

কনফারেন্সের পরে কী হয়?

কনফারেন্সের পরে আপনাকে মিটিংয়ের এবং প্ল্যানের লিখিত প্রতিবেদন পাঠানো হবে। যদি একটি চাইল্ড প্রোটেকশন প্ল্যান করা হয়, তাহলে কোর গ্রুপের অন্যান্য সদস্যদের সঙ্গে আপনাকেও নিয়মিতভাবে মিটিংয়ে উপস্থিত থাকতে বলা হবে। এই মিটিংগুলিতে আপনি প্ল্যানটি দেখে চিহ্নিত করা পদক্ষেপগুলির অগ্রগতি সম্বন্ধে আলোচনা করবেন। প্রাথমিক কনফারেন্সের পরের দশ দিনের মধ্যে কোর গ্রুপের প্রথম মিটিং হবে, এবং তারপরে পরবর্তী কনফারেন্স না হওয়া পর্যন্ত নিয়মিত সময়ের ব্যবধানে (সাধারণত প্রায় ছয় সপ্তাহ) মিটিং হতে থাকবে।

তিন মাস পরে একটি রিভিউ কনফারেন্স হবে, এবং তারপরে যতদিন পর্যন্ত না ঝুঁকি কমে যায় এবং চাইল্ড প্রোটেকশন প্ল্যান সমাপ্ত করা যেতে পারে সকলে ততদিন পর্যন্ত অন্তত প্রতি ছয় মাসে একবার রিভিউ কনফারেন্স করা হবে। প্রত্যেক কনফারেন্সে সিদ্ধান্ত নেওয়া হয় যে আপনার সন্তান(দের) নিরাপদে রাখার জন্য এখনও চাইল্ড প্রোটেকশন প্ল্যানের প্রয়োজন আছে কিনা।

আমাদের থেকে আপনি কী প্রত্যাশা করতে পারেন?

আমরা আপনার এবং আপনার পরিবারের সঙ্গে একত্রে কাজ করতে চাই। আমরা আপনার সামর্থ্য এবং কোন বিষয়গুলি ভালভাবে হচ্ছে তা চিহ্নিত করব। পিতা-মাতা অথবা পরিচর্যাকারী হিসাবে আপনি প্রত্যাশা করতে পারেন যে:

- আপনার কথা শোনা হবে
- আপনার সাথে মর্যাদাপূর্ণ আচরণ করা হবে
- সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আপনাকে যুক্ত রাখা হবে
- সম্মত হওয়া সময় সীমার মধ্যে আপনাকে দেওয়া প্রস্তাব অনুযায়ী যে কোনও সহায়তা পাবেন
- কনফারেন্সের আগে সমস্ত প্রতিবেদনের অনুলিপি পাবেন (প্রাথমিক কনফারেন্সের দুই কার্যদিবস আগে এবং রিভিউ কনফারেন্সের পাঁচ কার্যদিবস আগে)
- কনফারেন্সের পরের 15 কার্যদিবসের মধ্যে কনফারেন্সের মিটিংয়ের সারসংক্ষেপের একটি অনুলিপি পাবেন

আমরা আপনার কাছ থেকে কী প্রত্যাশা করি?

আমরা চাইব যে আপনি:

- সময়মতো কনফারেন্সে উপস্থিত হবেন যাতে চেয়ারম্যানের সঙ্গে কথা বলার জন্য পর্যাপ্ত পাওয়া যায়
- সম্মত হওয়া গেলে আপনার সন্তান(রা) কনফারেন্সে উপস্থিত থেকে তাদের অভিমত জানাবে, অন্যথায় মিটিংয়ে যোগ দেওয়ার আগে আপনার সন্তানদের দেখাশোনা করার ব্যবস্থা নিশ্চিত করবেন। প্রয়োজন হলে আপনার সন্তানদের দেখাশোনার জন্য আমরা কিছুটা সহায়তা করতে পারি। অনুগ্রহ করে এই বিষয়ে আপনার সোশ্যাল ওয়ার্কারের সঙ্গে কথা বলুন।
- বিশেষ কোনও ব্যবস্থার বিষয়ে আমাদের আগেই জানিয়ে রাখবেন, যেমন আপনার হিয়ারিং লুপ, দোভাষী অথবা হুইলচেয়ারের প্রয়োজন থাকা
- মিটিংয়ের আগে অথবা মিটিং চলার সময়ে মদ্যপান অথবা মাদক সেবন করবেন না
- অন্যদের মতামত শোনা

- সম্মানজনক আচরণ করা। আমরা আগ্রাসী মনোভাব বরদাস্ত করব না এবং চেয়ারম্যান মিটিং সমাপ্ত করার সিদ্ধান্ত নিতে পারেন অথবা আপনাকে বহিষ্কার করতে পারেন।

আপনার অধিকার

একজন আইনজীবীর কাছ থেকে পরামর্শ পাওয়ার অধিকার আপনার আছে। আপনার আইনজীবী মিটিংয়ে উপস্থিত থাকতে পারবেন, কিন্তু তিনি আলোচনায় অথবা সিদ্ধান্ত গ্রহণে অংশ নিতে পারবেন না।

আপনি সিটি অ্যাডভাইস-এর পক্ষ থেকে থেকে আইনি বিষয়ে পরামর্শ পেতে পারেন। কল করুন **02073922919** নম্বরে (সোমবার - শুক্রবার 10am-1pm এবং 2-4pm) অথবা:

- টেক্সট করুন **07432658083** নম্বরে
- City Advice-কে ইমেইল করুন

আপনার যদি নিরপেক্ষ অ্যাডভোকেসি সহায়তা প্রয়োজন হয়, তাহলে নিচে কয়েকটি এজেন্সির উল্লেখ করা হয়েছে যাদের সঙ্গে আপনি যোগাযোগ করতে পারেন, অথবা আপনার সোশ্যাল ওয়ার্কারের সঙ্গে আলোচনা করতে পারেন, তিনি আপনার জন্য একজন অ্যাডভোকেটের খোঁজ দিতে পারবেন।

- City Of London | Home | POhWER
- Advocacy, Help and Advice - Parent, Family and Allies Network (pfan.uk)
- Legal Action for Women
- How to find an advocate - Mind
- VoiceAbility | Advocacy and involvement
- Advocacy | Mencap
- Advocates for parents - Family Rights Group (frg.org.uk)
- Someone to speak up for you (advocate) - Social care and support guide - NHS (www.nhs.uk)

যোগাযোগ

আপনি যদি চাইল্ড প্রোটেকশন কনফারেন্স অথবা প্রক্রিয়াটির কোনও অংশ নিয়ে আলোচনা করতে চান, তাহলে আপনার সোশ্যাল ওয়ার্কার অথবা স্বতন্ত্র চাইল্ড প্রোটেকশন চেয়ারম্যানের সঙ্গে যোগাযোগ করতে দ্বিধা বোধ করবেন না। তাদের ইমেইল ঠিকানা হল: Children.Duty@cityoflondon.gov.uk

বর্ণবাদ বিরোধী অনুশীলন, সমতা ও বৈচিত্র্য

লন্ডন শহর সব ধরনের বর্ণবাদ, বৈষম্য ও অসমতার মোকাবেলায় অঙ্গীকারবদ্ধ। আমরা বুঝতে পারি যে জাতিগত ও সংস্কৃতিগত বাঁধাধরা চিন্তা-ভাবনা ও কুসংস্কারগুলি - সচেতন ও অবচেতন উভয় ভাবেই - আমাদের সমাজ ও সংগঠনগুলির মধ্যে কাঠামোগত বর্ণবাদকে সমর্থন করে এবং আমরা সবাই এইগুলির প্রভাবাধীন। সুতরাং, কনফারেন্সে যারা উপস্থিত হবেন তাদের কাছে প্রত্যাশা করা হচ্ছে যে তারা তাদের সন্তানের(দের) ও পরিবারের সঙ্গে আচরণে, তাদের বিস্তৃত কাজকর্মে এবং তাদের এজেন্সিগুলির পদ্ধতিগুলির উপরে বর্ণবাদ ও কুসংস্কারের প্রভাবগুলি সক্রিয়ভাবে বিবেচনা করবেন।

একটি কনফারেন্সে অথবা তার বাইরেও কোনও পেশাজীবী ব্যক্তির আচরণের কারণে আপনার যদি উদ্বেগ হয়, তাহলে অনুগ্রহ করে বিষয়টি আপনার সোশ্যাল ওয়ার্কার অথবা ইন্ডিপেন্ডেন্ট চেয়ারের কাছে উত্থাপন করবেন।

এই তথ্যগুলি যদি আপনার অন্য কোনও বিন্যাসে প্রয়োজন হয়, যেমন অডিও টেপ, অথবা অন্য কোনও ভাষা, তাহলে অনুগ্রহ করে আপনার সোশ্যাল ওয়ার্কারের সঙ্গে যোগাযোগ করুন ।

অভিযোগ

আপনি যদি চাইল্ড প্রোটেকশন কনফারেন্সের কোনও বিষয় সম্পর্কে অভিযোগ জানাতে চান তাহলে অনুগ্রহ করে যোগাযোগ করুন এখানে: কমপ্লেইন্টস অফিসার **02073323498** অথবা নম্বরে অথবা ইমেইল করুন এই ঠিকানায় CYPScomplaints@cityoflondon.gov.uk